১৮/

DEC. 31 2000

তারিখ ........
পৃষ্ঠা ...২... কলাম ...৪.....

112

# তিতুমীর কলেজে ছাত্রলীগ পুলিশ যুদ্ধ : আহত ৪

যুগান্তর রিপোর্ট

বুধবার দুপুরে রাজধানীর তিতুমীর কলেজে ছাত্রলীগের ক্যাডার ও পুলিশের মধ্যে বন্দুকযুদ্ধে একজন দারোগাসহ চারজন গুলিবিদ্ধ হয়েছে। আহত দারোগা আলমগীরের অবস্থা আশঙ্কাজনক।

পুলিশ জানায়, কলেজের প্রশাসনিক ভবনের নিচতলায় ছাত্রলীগের আখতার গ্রুপের সন্ত্রাসীরা আড্ডা দিচ্ছিল। পুলিশ সংবাদ পেয়ে কলেজ ঘিরে ফেলে। দারোগা আলমগীর কলেজের মূল গেট দিয়ে ভেতরে প্রবেশ করেন। পুলিশের উপস্থিতি টের পেয়ে সন্ত্রাসীরা গুলি ছোড়ে। গুলিতে দারোগা আলমগীর আহত হন। পেটে ও হাতে গুলিবিদ্ধ হয়ে তিনি মাটিতে লুটিয়ে পড়েন। এ সময় পুলিশও পাল্টা গুলি ছোড়ে। সংবাদ পেয়ে অন্য পুলিশ ঘটনাস্থলে আসে। প্রায় ১৫/২০ মিনিট গুলি বিনিময়ের পর সন্ত্রাসীরা পিছু হটে। ভবনের পেছন দিক দিয়ে সন্ত্রাসীরা পালিয়ে যায়। পুলিশ গুলিবিদ্ধ রাজু, আসাদ, দেলোয়ার ও ছাত্তারকে আটক করে। রাজুর কাছ থেকে ১টি রিভলবার ও

তিতুমীর : পৃষ্ঠা : ৬ কলাম : ৭

## তিতুমীর : পুলিশের সঙ্গে

(১ম পৃষ্ঠার পর)

৮২ রাউন্ড গুলি উদ্ধার করা হয়। আহত গুলশান থানার দারোগা আলমগীরের অবস্থা আশঙ্কাজনক। তিনি সিএমএইচে ভর্তি রয়েছেন। পুলিশ জানায়, আখতার গ্রুপের রাজু-আসাদরা মহাখালী এলাকার সন্ত্রাসী। তাদের বিরুদ্ধে থানায় বহু অভিযোগ রয়েছে।